রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৮, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**নিকার-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩/ ০৭ জুলাই ২০২৬

**বিষয়: চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলাকে বিভক্ত করে ‘ফটিকছড়ি উত্তর’ নামে নতুন উপজেলা গঠন।**

নং **০৪.০০.০০০০.০০০.৭২১.০৬.০০০২.২৬.৯৭**—প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সরকার চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার ৬ (ছয়)টি ইউনিয়ন যথা: ১. বাগানবাজার, ২. দাঁতমারা, ৩. নারায়ণহাট, ৪. ভূজপুর, ৫. হারুয়ালছড়ি এবং ৬. সুয়াবিল-এর সমন্বয়ে ‘ফটিকছড়ি উত্তর’ উপজেলা গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত উপজেলার বিভিন্ন অফিসের জন্য নিম্নরূপ অফিস সেট-আপ অনুমোদন করা হয়েছে:

| **ক্রমিক নম্বর** | **স্থাপিতব্য অফিসের নাম** | **কর্মকর্তা-কর্মচারী** | | |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তা | কর্মচারী | মোট |
| ১. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(ক) সংরক্ষিত<br>(খ) হস্তান্তরিত | ১ | ১৫ | ১৬ |
| ২. | উপজেলা ভূমি অফিস | ১ | ১১ | ১২ |
| ৩. | থানা (পুলিশ স্টেশন) | ১ | ২৫ | ২৬ |
| ৪. | উপজেলা হিসাবরক্ষণ অফিস | ১ | ৩ | ৪ |
| ৫. | উপজেলা শিক্ষা অফিস | ৩ | ৩ | ৬ |
| ৬. | উপজেলা প্রকৌশল অফিস | ১ | ১৬ | ১৭ |



মূল্য : টাকা ৪.০০

| ক্রমিক নম্বর | স্থাপিতব্য অফিসের নাম | কর্মকর্তা-কর্মচারী | | |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তা | কর্মচারী | মোট |
| ৭. | উপজেলা নির্বাচন অফিস | ১ | ২ | ৩ |
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ১ | ২ | ৩ |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস | ১ | ১ | ২ |
| ১০. | উপজেলা খাদ্য অফিস | ১ | ৩ | ৪ |
| ১১. | উপজেলা চেয়ারম্যানের অফিস | - | ৩ | ৩ |
| ১২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিস (হাসপাতালসহ) | ১০ | ৩৭ | ৪৭ |
| ১৩. | উপজেলা কৃষি অফিস | ৩ | ২৪ | ২৭ |
| ১৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | ২ | ৭ | ৯ |
| ১৫. | উপজেলা মৎস্য অফিস | ১ | ৪ | ৫ |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ২ | ৮ | ১০ |
| ১৭. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | ১ | ৭ | ৮ |
| ১৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | ১ | ১ | ২ |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ২ | ১ | ৩ |
| ২০. | উপজেলা সমাজ সেবা অফিস | ১ | ৯ | ১০ |
| ২১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ২ | ৪ | ৬ |
| ২২. | উপজেলা সমবায় অফিস | ১ | ৩ | ৪ |
| ২৩. | উপজেলা পরিসংখ্যান অফিস | ১ | ৩ | ৪ |
| ২৪. | উপজেলা যুব উন্নয়ন অফিস | ১ | ৬ | ৭ |
| | সর্বমোট= | ৪০ | ১৯৮ | ২৩৮ |

২। উপর্যুক্ত সরকারি সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর 'ফটিকছড়ি উত্তর' উপজেলা গঠনের লক্ষ্যে লোকবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩। 'ফটিকছড়ি উত্তর' উপজেলার সদর দপ্তর ভূজপুর ইউনিয়নের পশ্চিম ভূজপুর মৌজায় স্থাপিত হবে।

**মোহাম্মদ খালেদ হাসান**
অতিরিক্ত সচিব (সমন্বয়)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd